দৈনিক
ইত্তেফাক

10 APR 2003

# কেন্দ্রীয় শহীদ মিনারে পৃথিবীর সর্ববৃহৎ পাঠন অনুষ্ঠানে ৫০ হাজার শিক্ষার্থীর অংশগ্রহণ

ইত্তেফাক রিপোর্ট ॥ গ্লোবাল এ্যাকশন সপ্তাহ (৬-১৩ এপ্রিল) উদযাপনের অংশ হিসেবে গণসাক্ষরতা অভিযানের আয়োজনে গতকাল বুধবার সকাল ১০টায় কেন্দ্রীয় শহীদ মিনারে 'পৃথিবীর সর্ববৃহৎ পাঠন' অনুষ্ঠান হয়। সকাল ১০টায় অনুষ্ঠিত এ বৃহৎ পাঠদানে সহায়তাকারী ছিলেন নারী আন্দোলনের নেত্রী রেবেকা সান-ইয়াত। আধঘণ্টা ব্যাপী এই পাঠন প্রক্রিয়ায় মেয়েদের শিক্ষার উপর গুরুত্বারোপ এবং ছেলেমেয়েদের মধ্যে বৈষম্যহীন শিক্ষার ব্যাপারে সকলের উদ্যোগের জন্য আহ্বান জানানো হয়। এতে বিভিন্ন সরকারী ও বেসরকারী বিদ্যালয়ের শিক্ষার্থীসহ শিক্ষক, বুদ্ধিজীবী, নাগরিক সংগঠন, এনজিও নেতৃবৃন্দ উপস্থিত

(৫ম পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

শিক্ষার জন্য জাগো বাংলাদেশ জাগো পৃথিবীর পক্ষ থেকে লিখিত ঘোষণা পাঠ করেন বিশিষ্ট নাট্যাভিনেত্রী আফরোজা বানু। গণসাক্ষরতা অভিযানের উপদেষ্টা আনম ইউসুফ গ্লোবাল একশন সপ্তাহ উদযাপনের উদ্দেশ্যে এবং মানসম্মত শিক্ষার পক্ষে ও দারিদ্র্য দূরীকরণে এ আয়োজনের তাৎপর্য তুলে ধরেন। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন তালেয়া রহমান, সৈয়দ উল-আলিম কাজল আহমেদ, স্বপন মাহমুদ প্রমুখ। এছাড়া এ উপলক্ষে জাতিসংঘের মহাসচিব কফি আনানের বাণী পাঠ করে শোনানো হয়।

পৃথিবীর এই সর্ববৃহৎ পাঠনের অনুষ্ঠানে প্রায় ৫০ হাজার শিক্ষার্থী অন্তর্ভুক্ত ছিল। এটা এক বিশ্ব রেকর্ড। ইতিপূর্বে পৃথিবীর অন্যান্য স্থানে এ যাবৎ রেকর্ড করা হয়েছে ২৯ হাজার শিক্ষার্থী। ইউনেস্কোসহ আন্তর্জাতিক সংস্থার সক্রিয় সমর্থনে বেলজিয়াম ভিত্তিক বিশ্বের বিভিন্ন দেশের শিক্ষক, দাতব্য সংস্থা, এনজিও ও বিভিন্ন সামাজিক গ্রুপের সমন্বয়ে গঠিত গ্লোবাল ক্যাম্পেইন ফর এডুকেশন (জিসিই) তৃতীয়বারের মতো এ সপ্তাহ পালনের আয়োজন করে।